

## ‘আন্তঃবাহিনী ফুটবল প্রতিযোগিতা-২০১৬’ এ চ্যাম্পিয়ন বাংলাদেশ নৌবাহিনী

‘আন্তঃবাহিনী ফুটবল প্রতিযোগিতা-২০১৬’ এর ফাইনালে বাংলাদেশ সেনাবাহিনীকে ২-১ গোলে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব লাভ করেছে বাংলাদেশ নৌবাহিনী। আজ বুধবার (২৪-০৮-২০১৬) নৌবাহিনীর ক্রীড়া নিয়ন্ত্রণ বোর্ডের তত্ত্বাবধানে ও বানৌজা হাজী মহসীনের ব্যবস্থাপনায় সাতদিনব্যাপী এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রবল প্রতিদ্বন্দিতাপূর্ণ ফাইনালে নৌবাহিনী ২-১ গোলে সেনাবাহিনীকে পরাস্ত করে শিরোপা লাভ করে। প্রতিযোগিতায় সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছে বাংলাদেশ নৌবাহিনীর আবু সাঈদ জুয়েল রানা।



আর্মড ফোর্সেস মেডিকেল কলেজের কমান্ড্যান্ট মেজর জেনারেল মোঃ ফসিউর রহমান বুধবার (২৪-০৮-২০১৬) ঢাকাস্থ আর্মি স্টেডিয়ামে আন্তঃবাহিনী ফুটবল প্রতিযোগিতা-২০১৬ এর শিরোপাজয়ী বাংলাদেশ নৌবাহিনী দলকে চ্যাম্পিয়ন ট্রফি দিচ্ছেন। ছবি: আইএসপিআর।

প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ, ঢাকা সেনানিবাস এর কমান্ড্যান্ট মেজর জেনারেল মোঃ ফসিউর রহমান, এনডিসি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। এ সময় অংশগ্রহণকারী দলের খেলোয়াড়, সশস্ত্র বাহিনীর পদস্থ সামরিক কর্মকর্তাবৃন্দ এবং বিপুল সংখ্যক সামরিক ও বেসামরিক ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।



‘আন্তঃবাহিনী ফুটবল প্রতিযোগিতা-২০১৬’ এ ২-১ গোলের ব্যবধানে সেনাবাহিনীকে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছে বাংলাদেশ নৌবাহিনী।

প্রতিযোগিতার প্রথম পর্যায়ে সেনা, নৌ ও বিমান বাহিনী দলের মধ্যে লীগ পদ্ধতিতে খেলা পরিচালিত হয়।  
ফাইনালে পয়েন্ট তালিকার শীর্ষস্থান অধিকারী বাংলাদেশ সেনাবাহিনী ও নৌবাহিনী অংশ নেয়।



'আসত্ত্ববাহিনী ফুটবল প্রতিযোগিতা-২০১৬' এ ২-১ গোলের ব্যবধানে সেনাবাহিনীকে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছে বাংলাদেশ নৌবাহিনী।

উল্লেখ্য, গত ১৮ আগষ্ট ২০১৬ তারিখ ঢাকাস্থ আর্মি স্টেডিয়ামে তিন বাহিনীর অংশগ্রহণে এ প্রতিযোগিতা শুরু হয়।